মে ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ১৯.০৫.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

সিদ্ধান্তঃ ০১ বিস্তারিত আলোচনান্তে এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

সিদ্ধান্তঃ ০২ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ ০৩ সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধান আবাদ অর্জন হয়েছে ১৫২৫৮ হেক্টর। এ পর্যন্ত ১২৫১১ হেক্টর জমির ধান কর্তণ করা হয়েছে। উৎপাদন হয়েছে ৫৬০৪৯ মেঃটঃ। আশা করা যায় এ বছর বোরো ধানের উৎপাদন লক্ষ্যমাত্রাকে ছাড়িয়ে যাবে। রবি/২০২৪-২০২৫ অর্থবছরে ভূট্টা ফসলের আবাদ অর্জন হয়েছিল ১৭২৫ হেক্টর। এ পর্যন্ত ১১৩০ হেক্টর কর্তণ হয়েছে। উৎপাদন হয়েছে ১৩৫৬০ মেঃটঃ। খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে আউশ ফসলের আবাদ হয়েছে ৩০৮ হেক্টর। খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে পাট ফসলের আবাদ হয়েছে ১৯৫ হেক্টর। খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে শাকসবজির আবাদ হয়েছে ৫৬০ হেক্টর, ভূট্টা ৬৫ হেক্টর আর বস্তায় আদা চাষ হয়েছে ৬৮০০ বস্তা।<br>এখন পর্যন্ত মাঠে ফসলের অবস্থা ভাল আছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এলার্জির প্রকোপ বেড়েছে। এটি গবেষণার পর্যায়ে আছে। টিকা সরকারিভাবে আসেনি তবে বে-সরকারিভাবে পাওয়া যাচ্ছে। এ পর্যায়ে মে ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ২০৮৭টি গবাদি প্রাণির এবং ৮০০৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ১২০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । কৃত্রিম প্রজনন ৬২০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬৬টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৭০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৭৯০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়নি। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>মোট ২ মাসের টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২০২৫ মাসে</u> (১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০ মাত্রা, (৩) গলাফুলা-০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-১০০০০ মাত্রা, (৫) আরডিবি-৫০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-৫০০০ মাত্রা, (১১) ক্ষুরা-০০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-৩০০ মাত্রা। সর্বমোট=১৫,৩০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, রেনু ছাড়া হয়েছে। ছোট যমুনা নদীতে চায়না দুয়ারী ও কারেন্ট জাল জব্দ করে পোড়ানো হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঝড়ের কারণে গাছ ভেঙ্গে পড়ায় বিদ্যুৎ লাইনে ক্ষতি হয়েছে। বিরামপুর-১ এর আওতায় ১০টি ফিডারের মধ্যে তিনটি ফিডার বন্ধ আছে তবে কাজ চলমান রয়েছে। বড় গাছ ভেঙ্গে পড়ায় গাছ সরানোর কাজে সমস্যা হচ্ছে। এ গাছগুলো সরানোর জন্য সময়ের প্রয়োজন। উপজেলা পরিষদের বকেয়াসহ হালনাগাদ বিদ্যুৎ বিল বাবদ ২,৪০,২০১/- টাকা বিল পরিশোধ করায় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে আলাদা আলাদা বিল প্রদান করে তৎপর হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি প্রতি সপ্তাহে তাগিদ দেয়ার জন্যও অনুরোধ করেন। সেইসাথে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। তিনি বিরামপুর পৌরসভার প্রশাসক হিসেবে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার চেষ্টা করবেন মর্মে অবহিত করেন। ঝড়ের সময় সতর্ক থাকার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, তিনি আরো জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। উপজেলা উন্নয়ন সহায়তা খাতের আওতায় উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনেরও জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। ১৪দিন Online এ বিজ্ঞপ্তি থাকতে হয়। সে হিসেবে আগামী ২৯.০৫.২০২৫ তারিখে সিলেক্ট করা হবে। লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়। অফিসার্স ক্লাবের ঠিক পিছনে এ লাইব্রেরীটি হবে। প্রকল্প বাস্তবায়ন সাইটে কিছু গাছ আছে গাছগুলো কাটতে হবে। সেসাথে বৈদ্যুতিক পোল রয়েছে তা অপসারণ। পোল সরানোর জন্য আবেদন করা হবে মর্মে জানিয়ে তিনি দিনাজপুর পল্লী বিদ্যুৎ-২ এর সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান যে, কাদিপুরের ১টি রাস্তা করা হচ্ছে। রাস্তাটিতে বাড়ি থাকার কারণে কাজ করা সম্ভব হচ্ছে না। ঐ অংশে কেটরা-কাটলা রাস্তার উন্নয়নের কাজ করছেন কিন্তু এখানেও গাছ থাকার কারণে কাজ হচ্ছে না। গাছটি অপসারণের জন্য তিনি বন বিভাগের সহযোগিতা চান। তিনি জানান গাছের মালিকানা জানতে চেয়ে পত্র দিয়েছেন।<br>এ পর্যায়ে রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ জানান যে, বিভাগীয় কর্মকর্তা বরাবর গাছ অপসারণের জন্য পত্র প্রদান করা হয়েছে। গাছের মালিক বন বিভাগ। তিনি আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর আরও জানান যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কাছে প্রস্তাবনা চাওয়া হয়েছিল। ২৬ টি দপ্তরের মধ্যে মাত্র ৭টি দপ্তর তাদের প্রস্তাবনা পাঠিয়েছেন। অবশিষ্ট দপ্তরগুলো থেকে এখনও প্রস্তাব পাওয়া যায়নি। কোন ইউনিয়ন পরিষদ থেকেও কোন প্রস্তাব পাননি। পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করতে না পারলে উপজেলা পরিচালন ও উন্নয়ন খাত (জাইকা)সহ অন্যান্য খাতে বরাদ্দ পাওয়া যাবে না। উপজেলা নির্বাহী অফিসার তাগিদপত্র দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। সেইসাথে যে সকল দপ্তর এখনও দেননি তাদেরকে দ্রুত প্রস্তাবনা দাখিল করার জন্যও অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত এবং স্থায়ী কর্মকর্তা খুব শীঘ্রই আসবেন মর্মে জানান।তিনি আরও জানান যে, বিরামপুর পৌরসভা, মুকুন্দপুর ও বিনাইলে গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। যেখানে পানির সমস্যা হয় সেখানে পানির ব্যবস্থা করা হয়েছে। তিনি ৮ মাস ধরে আছেন। বিদ্যুৎ সংযোগের জন্য সেচ কমিটির অনুমোদন নিয়ে সহকারী প্রকৌশলীর নামে লাইসেন্স নিতে হবে। ব্যক্তি/প্রতিষ্ঠানে দেয়ার নিয়ম নেই। ফি BADC কর্তৃপক্ষই দিবেন। মালিকানার জায়গায় স্থাপন করা হয়েছে। যতদিন স্থাপিত থাকবে ততদিন দান করবে।<br>এ পর্যায়ে বন বিভাগ জানান যে, বনের মধ্যে বিদ্যুতের পোল দেয়া যাবে না। বিষয়টি এড়িয়ে যাওয়ার অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। লাইসেন্স নিয়ে সমস্যা হচ্ছে। সন্দলপুরের সেচটি BADC (সেচ) আওতাধীন। ব্যক্তি পর্যায়ে নয় সমিতির মাধ্যমে চালানোর সিদ্ধান্ত পরে নেয়া হয়েছে। মালামাল ৩য় পক্ষ নিয়ে গেছে। সেচের লাইসেন্সের তদন্ত ৩০/৩৫ টি পেন্ডিং আছে। জুনের শেষের দিকে সেচ কমিটির মিটিং করা যাবে। সেচ বিষয়ে অভিযোগ আসে মর্মে ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত), বিরামপুর থানা সভায় অবহিত করেন। মানিক নামে একজন সদস্য কয়েকজন নতুন সদস্যকে নিয়ে আসেন। মানিক সেচ মৌসুম শেষে ট্রান্সমিটার খুলে নেয়ার চেষ্টা করলে সাজ্জাদ নামীয় এক ব্যক্তির নিকট ডিডের মাধ্যমে তার জিম্মায় ট্রান্সমিটারসহ মালামাল দেয়া হয়। মালামাল নরাপদ ব্যক্তির নিকট রাখার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | এ পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিরামপুর জানান ১৯৮৩-১৯৮৪ সালের গভীর নলকূপের পরিচালনা কমিটিতে নতুন করে সদস্য যুক্ত করার কোন সুযোগ নেই। তবে নতুন সদস্য নিতে হলে কমিটির সভায় সিদ্ধান্ত নিতে হবে। | | |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | জনাব মোঃ আতাউর রহমান, অফিসার ইনচার্জ (তদন্ত), বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ মাসে ১১টি মামলা রুজু হয় যার আসামীর সংখ্যা ৬৮ জন। অস্বাভাবিক মৃত্যু ৩টিসহ মোট মামলা ১৪টি। নিস্পত্তি হয়েছে ৩টি মুলতবী রয়েছে ১১ টি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৫ সালের শিক্ষার্থীদের ১ম মূল্যায়ন শেষ হয়েছে। ৫ থেকে ১৫ মে ২০২৫ পর্যন্ত পরীক্ষা হয়েছে। তিনি আরও জানান যে, উদ উপলক্ষ্যে মূল্যবান জিনিসপত্র নিরাপদ স্থানে রাখার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে আগাম সতর্কবার্তা দেয়া হয়েছে। দোশরা পলাশবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৮টি ফ্যান চুরি হয়েছে। নতুন করে ফ্যান কেনা হয়েছে। তবে তা অপ্রতুল।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দীর্ঘ বন্ধের সময় বিদ্যালয়ের কাছাকাছি অবস্থান করেন এমন শিক্ষককে নজরদারী করার উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। সেইসাথে শিক্ষা প্রতিষ্ঠানে যে প্রকল্প গ্রহণ করা হয়েছে সে কাজগুলো তদারক করার জন্যও অনুরোধ করেন। সৌন্দর্য্য বর্ধন কাজগুলো দেখার জন্য তিনি অনুরোধ করেন। সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তালিকা দেয়ার জন্যও অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এসএসসি পরীক্ষা ১৫.০৫.২০২৫ তারিখে শেষ হয়েছে। ২০.০৫.২০২৫ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ হবে। আগামী ২৬.০৬.২০২৫ তারিখ থেকে উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষা শুরু হবে। তিনি আশা প্রকাশ করেন মাধ্যমিকের মত উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বয়স্ক ও বিধবাসহ অন্যান্য উপকারভোগী এ উপজেলায় ১০০% হওয়ায় কোন বরাদ্দ পাওয়া যাবে না। ৪টি ইউনিয়নে প্রতিস্থাপন করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার বৃদ্ধি পেয়েছে। ঋণ আদায় চলছে। BADC-পরিত্যাক্ত গভীর নলকূপগুলো চালু করলে সমস্যা হবে। আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করলে ভাল হয়। সমস্যা থাকলেও আলোচনা করে উদ্যোগ নেয়া যেতে পারে। পরিত্যাক্ত গভীর নলকূপগুলো চালু করা না গেলে পাশে স্থাপন করা যাবে। ২১ ও ২২ মে ২০২৫ ঢাকায় প্রশিক্ষণ রয়েছে। প্রশিক্ষণ থেকে ফিরে তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।<br>উপজেলা নির্বাহী অফিসার উভয়পক্ষকে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরাধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, VWB এর জন্য ২২.০৫.২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে। দ্বিগুন আবেদন করতে হবে। চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদকে ডাটা নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করেন। ২০ জুন ২০২৫ তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে। জুলাই-জুন/২০২৭ পর্যন্ত এ কার্যক্রম চলবে। যাচাই-বাছাই প্রক্রিয়া খুব শতর্কতার সাথে করতে হবে। একই ব্যক্তি কোনভাবেই একাধিক সুবিধা পাবে না। এরুপ পাওয়া গেলে একটি রেখে অপরটি বাতিল করতে হবে। বাতিল করে নতুন নাম যুক্ত করা যাবে। এমন অনেক বাতিল করা হয়েছে। ডাটাবেজ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | থাকলে তথ্য বের করা সম্ভব হবে। VWB একসাথে ৫ মাসের দেয়া হবে তবে আলাদা আলাদা তারিখ হবে। | | |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিল প্রদানের শেষ সময় ২৬ জুন ২০২৫খ্রি. সেকারণে ২/৩ দিন আগে টোকন নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কায়ক্রম গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। সড়ক দুর্ঘটনায় দিনাজপুরের জেলা হিসাবরক্ষণ অফিসের একজন সুপারিনটেনডেন্ট মারা গেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। তার মৃত্যুতে সভায় শোক প্রকাশ করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটিতে আছেন। তার স্থলাভিষিক্ত করা হয়েছে কি-না তা জানা যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। জোতবানীর গাছ কাটার বিষয়ে নিলাম বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। আগামী ২০ মে ২০২৫ তারিখ দুপুর ২-৩০ মিঃ নিলাম অনুষ্ঠিত হবে। রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ নিলাম কমিটিতে থাকায় তাকে উপস্থিত থাকার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, টিউবওয়েল স্থাপনের কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, VGF অনুমেদিত তালিকা ছাড়া বিতরণ করা যাবে না। জেলা প্রশাসক মহোদয়ের নিকট যেন কোন অভিযোগ না যায় সেভাবে কাজ করতে হবে। ট্যাগ অফিসারকে বিতরণকালে অবশ্যই উপস্থিত থাকতে হবে। তিরণস্থলে ব্যানারও থাকবে। UGP আগামী ২০-২৫ দিনের মধ্যে বরাদ্দ দিবে। ৭টি ইউনিয়নের মধ্যে ২টি ইউনিয়ন হতে এখনও তালিকা পাওয়া যায়নি। আগামী ১৫ জুন ২০২৫ তারিখের মধ্যে TR কাবিখার বিল দাখিল করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রকল্প দেয়া হয়েছে সেগুলোর কাজ খুব ভালভাবে করতে হবে। কারণ এ প্রকল্পের কাজগুলো জেলা প্রশাসক মহোদয় পরিদর্শন করবেন। কাজগুলোতে যেন কোন ত্রুটি না থাকে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর তার দপ্তরের টয়লেট সংস্কার করে দেয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, আপাতত কোন সার্ভে কার্যক্রম চলমান নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ হয়েছে। নতুন করে রেজিস্ট্রেশন করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আগামী ৫ জুন ২০২৫ থেকে বৃক্ষরোপন মৌসুম শুরু হচ্ছে। এবার আগাম বৃষ্টি হওয়ার ফলে গাছ লাগানো শুরু করা যাব। সরকারি নির্দেশনা রয়েছে ইউক্যালিপটাস ও | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | আকাশমনি গাছ বিক্রয় বা বিতরণ করা যাবে না। এ অঞ্চলে আকাশমনি গাছ লাগানোর প্রবণতা রয়েছে। ফলে এ গাছ লাগানো হবে না। মেহগনি, হরতকি, বহেরা, লাগানো হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতাকামনা কামনা করেন। জলবায়ু পরিবর্তন খাত হতে প্রস্তাব পাওয়ায় তা প্রেরণ করা হয়েছে। তবে আজ অব্দি কোন বরাদ্দ পাওয়া যায়নি।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয় প্রতিটি ইউনিয়নে ৭,০০০ (সাতহাজার) গাছ লাগানোর নির্দেশনা প্রদান করেছেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুরকে তিনি গাছ লাগানোর লক্ষ্যে রাস্তা নির্বাচন করার জন্য অনুরোধ করেন। সেইসাথে গাছের চারা কিভাবে সংগ্রহ করা হবে সে বিষয়ে তিনি জানতে চান। কারণ গাছ সংগ্রহ করতে হবে এবং রোপন করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের এ বক্তব্যের পরিপ্রেক্ষিতে রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ জানান যে, এ উপজেলায় একলক্ষের বেশী গাছ লাগানোর পরিকল্পনা রয়েছে। সেক্ষেত্রে স্থান নির্বাচন করে গাছ লাগানোর উদ্যোগ নেয়া যেতে পারে। তিনি আরও জানান যে, বগুড়ায় চারা পাওয়া যেতে পারে। তিনি সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। ব্যক্তি উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানে কৃষ্ণচূড়া, সোনালু ইত্যাদি সৌন্দর্য্য বর্ধন গাছ লাগানোর অনুরোধ জানান। | | |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এ পর্যন্ত ১,১০,০০০ স্মার্ট কার্ড বিতরণ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | জনাব মোঃ শফিকুল ইসলাম, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। আগাততঃ প্রশিক্ষণ কার্যক্রম নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার ভাল। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এপ্রিল মাস ২০২৫ এ ঋণ বিতরণ ৩৯.৩০ লক্ষ। মোট ঋণ ৫৮৭.৮৯ লক্ষ। একই মাসে মোট ঋণ আদায় ৬১৭.৮২ লক্ষ। সঞ্চয় জমার পরিমান ৬৮৬.০০ লক্ষ। আদায়ের হার ৯৫%. | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে উঠান বৈঠক শেষ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুরের এক সড়ক দুর্ঘটনায় হাত বেঙ্গে যাওয়ায় তিনি চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন। তার দ্রুত সুস্থতা কামনা করা হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৬ ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, গণশিক্ষা অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোরবানী বিসয়ে কেন্দ্র থেকে এখন পর্যন্ত কোন তথ্য তারা পাননি। নির্দেশনা পেলে সে অনুযায়ী উদ্যোগ গ্রহণ করবেন মর্শে সভায় অবহিত করেন। উপজেলা সমাজসেবার কর্মকর্তার অনুরোধের পরিপ্রেক্ষিতে আগামী জুম্মার নামাযের সময় OTP বিষয়ে প্রচারের উদ্যোগ গ্রহণ করবেন মর্মে আশ্বস্থ করেন।। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ বিবিধ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, বৃষ্টির কারণে খানপুর ইউনিয়নের কাঁচা রাস্তায় চলাচলে খুব সমস্যা হচ্ছে। এখনই বালি/রাবিশ দিয়ে মেরামত/সংস্কার করা না হলে আরও অবস্থা খারাপ হয়ে যাবে। তার এই প্রস্তাবনার সাথে একমত পোষন করে নিম্নবর্ণিত প্রকল্প এবং প্রকল্প কমিটি অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় প্রস্তাব করেন।<br>১. <u>প্রকল্পের নামঃ</u> **খানপুর ইউনিয়নের নয়াপাড়া ওবায়দুলের বাড়ী হতে পঙ্কজের বাড়ী পর্যন্ত রাস্তাটি রাবিশ দ্বারা সংস্কারকরণ। বরাদ্দকৃত টাকা=২,০০,০০০/- টাকা।**<br>**<u>প্রকল্প কমিটিঃ</u>**<br>১. শ্রীমতি শীতলী পাহান, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সভাপতি<br>২. ফ্লাবিয়াস হেম্ব্রম, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ তফির উদ্দিন, খানপুর ইউপি সদস্য, প্রকল্প সদস্য<br>৪. মোঃ আব্দুল হালিম, সদস্য, মুকুন্দপুর ইউপি- সদস্য<br>৫. মোঃ আত্তাজ আলী সদস্য, দিওড় ইউপি- সদস্য | ১. সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী/উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | ২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, মুষলধারে বৃষ্টিসহ বজ্রপাতে এবং গাছের ডাল ভেঙ্গে বেশ কিছু সিসি ক্যামেরা নষ্ট/ভেঙ্গে গেছে। নিরাপত্তা জোরদার করার জন্য উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে নষ্ট/ভেঙ্গে যাওয়া নতুন ক্যামেরা ক্রয়, ক্যামেরা প্রতিস্থাপন এবং অন্যান্য পণ্য জরুরীভিত্তিতে ক্রয় করতে হবে। (যেমন-NVR MACHINE, Several Cameras, Switches, hub etc due to thundering) তিনি সিসি ক্যামেরা ক্রয় ও স্থাপন এবং বর্ণিত পণ্য ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>১. **প্রকল্পের নামঃ** উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা NVR MACHINE, Switches, hub etc স্থাপন প্রকল্প।<br>এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ আঃ রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান, জোতবানী ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মইনুল হক, সদস্য, কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোছাঃ ফেন্সিয়ারা বেগম, সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>বর্ণিত প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত প্রকল্প কমিটি অনুমোদনপূর্বক এর মাধ্যমে দ্রুত বর্ণিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩(প) অনুচ্ছেদ "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে পরিশোধের সিদ্ধান্তও গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**এপ্রিল/২০২৫ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর এপ্রিল/২৫ মাসের ২৬দিনের দৈনিক ৫৫০/-টাকা হারে মজুরী এবং পারিতোষিক ভাতা বাবদ ১ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদান =(১৪,৩০০+১৪,৩০০+১৬৫০০+১৬৫০০=৬১,৬০০/-) | =২৮,৬০০/-<br>=৩৩,০০০/- |
| ০২ | এপ্রিল/২০২৫ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৩ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/০৫/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৪৬৪/১(৪৫)

তারিখঃ ১৫.০৬.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ............................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৫/০৬/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

ASMA - Bibith